## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। এখনও বাংলাদেশে কভিড-১৯ এর কারণে অনেক মানুষ আতঙ্কের মধ্যে আছে। প্রার্থনা করবেন যেন ঈশ্বর আমাদের দেশকে এই মহামারীর হাত থেকে রক্ষা করেন। এবং হত দরিদ্র মানুষকে রক্ষা করেন।

২। এখনও বাংলাদেশের বিভিন্ন জায়গায় অশিক্ষার কারণে বাল্য বিবাহের প্রচলন রয়েছে, যার কারণে অকাল মৃত্যুর হার বাড়ছে, সাথে সাথে দারিদ্রতা বৃদ্ধি পাচ্ছে। প্রার্থনা করবেন যেন বাংলাদেশের সব জায়গায় শিক্ষার আলো পৌঁছাতে পারে, ঈশ্বর যেন মানুষকে জ্ঞান দান করে, এবং সবাই যেন সচেতন হয়।

৩। যে সমস্থ জায়গায় এখনও সুসমাচারের আলো পৌছায় নাই, সেখানে যেন ঈশ্বর তার মনোনীতদের প্রেরণ করে আন্ধকারে জীবন যাপন করা মানুষদের আলোর পথ দেখাতে সাহায্য করে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৪। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

**〈기도 후원자의 편지〉**

저는 매월 첫째 금요일에 열리는 '소망의 기도'에 참여하여 기도달력에 따라 같이 기도하고 있습니다.

기도달력을 통해서, 지금까지 스스로는 알 수 없었던 여러 나라 여성들의 다양한 문제나 현상에 대해 알게 되었습니다.

세계의 여성들이 안고 있는 괴로움을 알고, 저도 같은 여성으로서 그 신음에 공감하면서 생활 속에서 더 의식하며 기도하게 되었습니다. 신기하게도 그녀들을 위해서 기도할 때, 때로 내 안에 있는 아픔도 치유되는 경험을 합니다. 예수님의 사랑이 우리를 회복시켜 주십니다.

일본에는 복음이 절실히 필요합니다. 일본의 여성들이 믿음으로 인해 일어나고, 하나님께서 주신 사명 가운데 살아갈 수 있도록 TWR 라디오 방송이 사용되기를 위해서도 기도합니다.

미쯔요

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2020. 12.**

**মোক্ষের জন্য প্রার্থনা**

জাতি ও বর্ণ নির্বিশেষে সকল মানুষের কাছে সুসমাচার প্রচার করা আমাদের একান্ত কর্তব্য। এটা হল এক মহান আজ্ঞা যা আমরা প্রভুর কাছ থেকে পেয়েছি। এই পৃথিবীতে আমাদের সমস্ত সমস্যার একমাত্র সমাধান হল খ্রিষ্ট যীশু, সুসমাচার প্রচারের এখনই হল সঠিক সময়। এবং আমরা যেন এখনই শুরু করি।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

# আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। এই সংকটের সময় কিরগিজস্তানে ব্যক্তিগতভাবে অনেকে ঈশ্বরের অনুসন্ধান করছে, অনেকে ইসলাম ধর্মের দিকে চলে যাচ্ছে। হে পিতা, সেখানকার খ্রীষ্ট বিশ্বাসীরা যেন নির্ভীক ভাবে সত্যের বিষয় কথা বলে, এবং মধ্য এশিয়ার লোকেরা যেন একমাত্র সত্য ঈশ্বর, তোমার মধ্যে পরিত্রাণ খুঁজে পায়। (যিশাইয় ৪৫:৬)

২। ঈশ্বর, আমরা কম্বোডিয়ায় খ্রীষ্ট বিশ্বাসীদের একতার জন্য প্রার্থনা করি। বিশ্বাসীরা যেন লবণ এবং জ্যোতি হওয়ার জন্য এক সঙ্গে কাজ করে যাতে অবিশ্বাসীরা যেন ঈশ্বরের ভালোবাসা দেখতে পায় এবং তাঁর পরিত্রাণের আকাঙ্খা করতে পারে (মথি ৫:১৩-১৬)।

৩। আমরা ইথিওপিয়ার সেই সমস্ত লোকদের শারীরিক পরিত্রাণের জন্য প্রার্থনা করি যারা কোভিড-১৯ এর জন্য তাদের কাজ হারিয়েছে এবং অনাহারে ভুগছে । এদের সঙ্গে যারা চিকিৎসার অভাবে মারা যাচ্ছে তাদের জন্যেও প্রার্থনা করুন। (গীতসংহিতা ৫৪:৪)

৪। আমরা ইউক্রেনের সেই সমস্ত নামধারী বিশ্বাসীদের জন্য প্রার্থনা করি যারা প্রকৃতভাবে পরিত্রাণ না পাওয়া সত্ত্বেও ধর্মীয় ক্রিয়াকর্ম সম্পাদন করছে। ঈশ্বর, তাদের মধ্যে যেন প্রকৃত আত্মিক জীবন আনেন। (২ রাজা ১৭:৩৩)

৫। আমরা সেই সমস্ত মহিলাদের জন্য প্রার্থনা করি যাদের এশিয়ার পতিতালয়গুলিতে কাজ করতে বাধ্য করা হচ্ছে।খ্রীষ্টিয় সংস্থাগুলিকে প্রজ্ঞা দাও যারা এই সমস্ত মহিলাদের শারীরিকভাবে এবং আত্মিক ভাবে মুক্ত করার জন্য কাজ করছেন। (যিরমিয় ৩৪:৮)

৬। করোনা ভাইরাসের সময় লোকেরা যখন ভয়ের সঙ্গে এবং বেপরোয়াভাবে ঈশ্বরের সাহায্যের জন্য আর্তনাদ করছে, তখন তারা যেন প্রকৃত ঈশ্বরকে খুঁজে পায় যিনি তাদের শান্তি এবং আশা দিতে পারেন, যারা তাঁকে বিশ্বাস করে এবং অনুসরণ করে।

৭। আমরা আলবেনিয়ার সেই সমস্ত মহিলাদের জন্য প্রার্থনা করি যারা বিচ্ছিন্ন হয়েগেছে, যাদের স্বামীরা তাদের বাইবেল পাঠ করতে দেয় না অথবা তাদের বাইবেল পুড়িয়ে দিয়েছে । তারা যেন আশাময়ী নারী রেডিও অনুষ্ঠানগুলির মাধ্যমে আশা খুঁজে পায় এবং যীশুতে পরিত্রাণ খুঁজে পায়। (গীত ১০:১৭)

৮। বেনিনের অজ গ্রামের মহিলারা যেন ঈশ্বরের বাক্যের দ্বারা মায়াবি শক্তির রীতিনীতির মায়াজাল থেকে এবং অনিষ্টকর প্রথাগুলির বন্দিত্ব থেকে ঈশ্বরের বাক্য দ্বারা মুক্ত হয় এবং তাঁর প্রেমের অভিজ্ঞতা লাভ করে, তার জন্য প্রার্থনা করুন । (দ্বিঃ বিবরণ ১৮:৯)

৯। প্রভু, উরুগুয়ের আশাময়ী নারীদের উপস্থাপনা দলটিকে প্রজ্ঞা দিন যাতে তারা পরিত্রাণের বার্তাটিকে স্পষ্টভাবে উপস্থাপন করতে পারে এবং যারা শুনছে তারা যেন সাড়া দিতে পারে! (ইফিষীয় ৬:১৯)

১০। প্রভু, এই প্রচার মাধ্যমের পরিচর্যা দ্বারা যেন গুপ্ত ধন সারা ইউরোপে ছড়িয়ে পড়তে পারে তার জন্য টাকা পরিশোধ করতে জার্মানীর বিশ্বাসীদের উৎসাহিত করুন। তোমার নামে পতিতালয়ের মহিলাদের মধ্যে পরিত্রাণ উপস্থিত কর। (যাকোব ৫:১৬)

১১। পিতা, আমরা সিঙ্গাপুরের রাজনৈতিক দলগুলির মধ্যে ঐক্যের জন্য প্রার্থনা করি যাতে তারা দেশের জন্য এক সঙ্গে কাজ করতে পারে এবং অতিমারীর বিষয়টিকে জয় করতে পারে। (২ বংশা ৩০:১২)

১২। পিতা, ফ্রান্সের বিশ্বাসীরা যেন আর আত্মতৃপ্ত না হয় কিন্তু পরিবর্তে তারা অন্যদের ভালোবাসে, তোমরা জন্য সাহসের সঙ্গে সাক্ষ্য দেয় এবং তাদের দেশে উদ্দীপনার জন্য অধ্যাবসায়ের সঙ্গে প্রার্থনা করে। (রোমীয় ১৩:৮)

১৩। করোনা ভাইরাসের সংকটের সময়, ভিয়েতনামের অনেক পরিবার যীশুকে তাদের পরিত্রাতা রূপে গ্রহণ করেছে। শক্তি লাভ করার জন্য এবং ঈশ্বরকে উপলব্ধি করার জন্য এবং তাদের নতুন বিশ্বাসের জন্য তারা যেন বাইবেল ক্লাসে যোগদান করা যায়। (ইব্রীয় ৫:১৪)

১৪। পিতা, যারা ব্রাজিলের কারাগারগুলিতে বন্দি আছে তাদের জন্য প্রার্থনা করি যাতে তোমার আত্মার দ্বারা তাদের হৃদয় আলোকিত হয় এবং তারা যেন খ্রীষ্টকে তাদের ত্রাণকর্তা হিসাবে জানতে পারে এবং প্রকৃত স্বাধীনতার অভিজ্ঞতা লাভ করতে পারে। (গালাতীয় ৫:১)

১৫। এই পৃথক অবস্থায় থাকার সময় দক্ষিণ আফ্রিকার লোকেরা যেন তাদের জীবনের মূল্যায়ন করতে পারে এবং মৃত্যুর পর তাদের গন্তব্য পথের বিষয় বিশেষভাবে চিন্তা করতে পারে। পিতা, তোমার সত্যের প্রতি তাদের দৃষ্টি খুলে দাও যাতে তারা তাদের পাপের বিষয় অনুতাপ করতে পারে, তোমার পরিত্রাণের উপহার গ্রহণ করতে পারে এবং তাদের সৃষ্টিকর্তা, তোমার সঙ্গে সম্মিলিত হতে পারে। (মার্ক ১:১৫)

১৬। পিতা, তোমার সন্তান হিসাবে, আমরা যেন প্রতিদিন তোমার ইচ্ছা পালনের ক্ষেত্রে যা কিছু বাধাজনক হবে সেই সকল বিষয়ে আমাদের প্রাধান্যগুলি, সময় নির্ঘণ্টগুলি, সম্পর্কগুলি এবং অন্য সমস্ত বাধাজনক বিষয়গুলিকে পরিবর্তিত করতে পারি। (গীত ২৫:৪-৫)

১৭। নেপালের সেই সমস্ত লোকদের জন্য আমরা তোমার কাছে আর্তনাদ করি যারা তাদের পরিত্রাণের জন্য মন্দিরে এবং দেবতাদের কাছে নৈবেদ্য উৎসর্গ করছে, দরিদ্রদের খাবার দান করছে, অথবা তীর্থযাত্রা করছে। খ্রীষ্ট বিশ্বাসীদের সঙ্গে এই সমস্ত অন্বেষীদের সংযোগ করিয়ে দাও যারা তাদের কাছে এই সত্যটি সহভাগিতা করতে পারে যে কেবল যীশু খ্রীষ্টের মাধ্যমেই পরিত্রাণ পাওয়া যায়। (গালা ২:১৬)

১৮। প্রভু, আমরা যাচ্ঞা করি, যে প্যারাগুয়ের আশাময়ী নারী স্বেচ্ছাসেবীগণ, শিক্ষকগণ এবং কর্মীগণ যে বীজ বপন করেছেন তা যেন সেই সমস্ত মহিলাদের হৃদয়ে স্থায়ী ফল উৎপন্ন করে। (যোহন ১৫:৪-৫)

১৯। আমরা প্রার্থনা করি যে ইন্দোনেশিয় এবং জাভানীজ্ আশাময়ী নারী রেডিও অনুষ্ঠানগুলি, স্বাস্থ্য পরিষেবা এবং হস্তশিল্পের প্রশিক্ষণের মাধ্যমে আমাদের পরিচর্য্যা কাজগুলি যেন অবিশ্বাসীদের হৃদয় এবং চোখগুলি ঈশ্বরের ভালোবাসা এবং পরিত্রাণের প্রতি খুলে দেয়। (প্রেরিত ২৬: ১৭খ – ১৮)

২০। আমরা আরব জগতের মহিলাদের পরিত্রাণের জন্য মধ্যস্থতাকারী প্রার্থনা করি। তারা যেন যন্ত্রণা এবং ধ্বংস থেকে মুক্ত হয় যা তাদের সমাজগুলিতে প্রায়ই দেখা যায়। (গীত ১১৯:১৮)

২১। পিতা, আমরা ডেনমার্কের পরিবারগুলির মধ্যে ঐক্য এবং আরোগ্যের জন্য প্রার্থনা করি, যেখানে এই পৃথক থাকার সময় এবং সব কিছু বন্ধ থাকার সময় ঘরোয়া হিংস্রতা বৃদ্ধি পাচ্ছে। যারা নিরাপদ একটি স্থানের অন্বেষণে বিপদের মধ্যে আছে তাদের আশ্রয় দাও এবং সাহায্য কর। (২ শমূয়েল ২২:৩)

২২। আমরা প্রার্থনা করি যে উত্তর কোরিয়ার যে শরণার্থীরা চীন, রাশিয়া এবং দক্ষিণপূর্ব এশিয়ায় আছে তারা যেন সুসমাচার শুনতে পায় এবং যীশুকে তাদের ত্রাণকর্তারূপে গ্রহণ করে। প্রভু, যে মিশনারীগণ এই শরণার্থীদের সুরক্ষা দান করছে তাদের নিরাপদ রাখো। (যিশাইয় ১৬:৩খ-৪ক)

২৩। আমরা আলবেনিয়ার মণ্ডলীগুলির মধ্যে ঐক্যের জন্য প্রার্থনা করি। প্রভু, তাদের পালকদের এবং নেতাদের নম্র হৃদয় দাও যাতে তারা পরস্পরকে দেখে যেমন তুমি তাদের দেখো। যাতে অবিশ্বাসীরা বুঝতে পারে যে তাদের পরস্পরের প্রতি এই ভালোবাসা আসলে তোমরা কাছ থেকে প্রবাহিত হয়। (১ করি ১২:১২)

২৪। প্রভু, যারা তোমাকে জানে না তাদের সকলের পরিত্রাণের জন্য আমরা তোমার কাছে যাচ্ঞা করি। "তুমি তাঁহার নাম যীশু (ত্রাণকর্তা) রাখিবে, কারণ তিনিই আপন প্রজাদিগকে তাহাদের পাপ হইতে ত্রাণ করিবেন" (মথি ১:২১)।

২৫। পিতা, আমরা পোল্যাণ্ডের সেই সমস্ত মণ্ডলীগুলির জন্যে প্রার্থনা করি যারা গীর্জায় যায় এবং অভাবী মানুষদের সাহায্য করার বিষয় অঙ্গীকারবদ্ধ কিন্তু এখনও তারা যীশু খ্রীষ্টের মাধ্যমে প্রকৃত পরিত্রাণ খুঁজে পায়নি। (ইব্রীয় ২:১-৪)

২৬। প্রভু, আমরা লাইবেরিয়ার মহিলা এবং বালিকাদের জন্য প্রার্থনা করি যাতে তারা ট্রান্স ওয়ার্ল্ড রেডিয়োর মাধ্যমে এবং প্রচারকদের মাধ্যমে যীশু খ্রীষ্টের সুসমাচার শুনতে পায় এবং খ্রীষ্টের কাছে তাদের জীবন দানের জন্য দৃঢ় সিদ্ধান্ত গ্রহণ করে। (দ্বি: বিবরণ ১৭:১১)

২৭। কম্বোডিয়ায় যেহেতু রেডিয়োতে যীশুর জন্মের কাহিনী সম্প্রচারিত হচ্ছে, সেহেতু এটি যেন কথোপকথনের স্ফুলিঙ্গে পরিণত হতে পারে, যেন লোকদের হৃদয়কে জাগ্রত করতে পারে এবং যীশুকে ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করার জন্য যেন লোকদের আকর্ষণ করতে পারে। (১ পিতর ১:৩)

২৮। পিতা, ভারতে আমাদের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলকে সাহস এবং নির্ভীকতা দাও। তাদের সাক্ষ্য যেন সেখানকার মহিলাদের হৃদয়কে স্পর্শ করে যাদের তোমাকে গ্রহণ করার প্রয়োজন আছে। (মার্ক ৮:৩৪-৩৮)

২৯। প্রভু, আমরা সুইডেনের যৌবনের সন্ধিকালে উপনীত তরুণ তরুণীদের জন্য প্রার্থনা করি যারা খ্রীষ্টিয় সহভাগিতাকে পশ্চাতে ফেলে এসেছে এবং এখন তারা তাদের পটভূমির বিষয় প্রশ্ন করছে। পবিত্র আত্মা যেন তাদের ধর্মীয় বিশ্বাসের ত্রুটি তাদের দেখিয়ে দেন এবং তোমার সত্যের বিষয় যেন তাদের উপলব্ধি করতে সাহায্য করেন। (গীত ৭৮:৬-৮)

৩০। হে ঈশ্বর, আমরা ইথিওপিয়ায় শান্তি এবং স্থায়িত্বের জন্য প্রার্থনা করি। দেশের পশ্চিম অংশের লোকদের গেরিলা – যোদ্ধাদের থেকে রক্ষা কর এবং এর জনগোষ্ঠীদের মধ্যে একতা এবং সংহতি আনো। (কলসীয় ৩:১৪)

৩১। প্রভু, তোমার সঙ্গে রোমানিয়ার বাসিন্দাদের প্রকৃত সম্পর্ক স্থাপন করতে সাহায্য কর এবং পাপী হিসাবে তাদের সমস্ত অপরাধ তুমি ক্ষমা কর এবং তাদেরকে তোমার অনুগ্রহ দান কর। তাদেরকে শূন্যগর্ভ ধর্মের মধ্যে যেতে দিও না, কিন্তু এর পরিবর্তে তাদের সমস্ত পাপের জন্য অনুতাপ করার দ্বারা এবং যীশুতে বিশ্বাস করার দ্বারা একটি নতুন জীবনের অভিজ্ঞতা লাভ করতে তাদের সক্ষম কর। (২ করিন্থীয় ৫:১৭)